

২০২২

চতুর্থ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : LCC(2)-1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ভাষাবিজ্ঞানীরা বাংলা শব্দার্থ পরিবর্তনের ধারাগুলিকে কটি ভাগে ভাগ করেছেন? শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দুটি ধারা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ২+৪+৪

অথবা,

- (খ) তদ্ভব শব্দকে ক-টি শ্রেণিতে ভাগ করা যায় ও কী কী? এই শ্রেণির শব্দরাজি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ২+৮

- ২। (ক) ট্র্যাজেডি বলতে কী বোঝায়? এই শ্রেণির শিল্পের প্রধান লক্ষণ বা বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+৬

অথবা,

- (খ) ছোটগল্পের সঙ্গে উপন্যাসের তুলনামূলক সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো। ১০

- ৩। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে কবি মধুসূদন দত্ত রাজসভার যে বর্ণনা দিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

অথবা,

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে বারুণী, মুরলা ও রমা উপাখ্যানের প্রাসঙ্গিকতা সংক্ষেপে আলোচনা করো। ১০

- ৪। উদাহরণসহ সংজ্ঞা দাও।

- (ক) অপিনিহিতি। ৫

অথবা,

- (খ) লোকনিরুক্তি। ৫

- ৫। (ক) সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্য বা লক্ষণগুলি সংক্ষেপে লেখো। ৫

অথবা,

- (খ) সামাজিক উপন্যাসের লক্ষণসমূহ সংক্ষেপে বিবৃত করো। ৫

Please Turn Over

৬। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে সরস্বতী বন্দনার পরও কবি মধুকরী কল্পনার প্রয়োজন অনুভব করলেন কেন?—  
সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) “... .. কাকোদর সদা

নশ্রির; কিন্তু তারে প্রহারয়ে যদি

কেহ, উর্ধ্ব-ফণা ফণী দংশে প্রহারকে

কে, কহ, এ কাল-অগ্নি জ্বালিয়াছে আজি

লঙ্কাপুরে! হায় নাথ, নিজ কর্মফলে

মজালে রাক্ষসকূলে, মজিলা আপনি।”

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো।

৫

৭। (ক) বাংলা শব্দভাণ্ডারের আগভুক শব্দভাণ্ডার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) ব্যক্তিগত বা মন্বয় প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

৫

অথবা,

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নামকরণ বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) তৎসম শব্দ কাকে বলে?

(খ) একটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।

(গ) অর্থসংকোচের একটি উদাহরণ দাও।

(ঘ) 'পাত্র' শব্দটির অর্থসংক্রম কীভাবে ঘটেছে দেখাও।

(ঙ) করিয়া > কইর্যা > করে— কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে?

(চ) একটি বিষমীভবনের উদাহরণ দাও।

(ছ) 'ঘুগনি' শব্দটি কোন ভাষা থেকে আগত?

(জ) ছোটোগল্প ও উপন্যাসের একটি পার্থক্যসূচক বৈশিষ্ট্য লেখো।

(ঝ) বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(ঞ) একটি সার্থক বাংলা পৌরাণিক নাটকের নাম উল্লেখ করো।

(ট) একটি বাংলা রোমান্স শ্রেণির রচনার নাম লেখো।

(ঠ) রাবণের রাজসভার অমাত্য প্রধানের নাম কী ছিল?

(ড) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে 'উর্মিলা বিলাসী' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঢ) 'বিবর' শব্দটির অর্থ কী?

(ণ) 'যাদঃপতি' বলতে কাকে বোঝানো হয়েছে?